

ফাতওয়া নাম্বার: ৪০৯

প্রকাশকাল: ২৫-০৯-২০২৩ ইং

## ব্যাংকের ল্যাপটপ, ডিভাইস ইত্যাদি সার্ভিসিং করে দেওয়ার বিধান

### প্রশ্ন:

সুদ জঘন্যতম একটি গুনাহ; যা এ সাইটের বিভিন্ন ফাতওয়া থেকে জেনেছি। এমনকি ব্যাংকে পিয়ন পদে চাকরি করাও নাজায়েয। আমার জানার বিষয় হলো, ব্যাংকের কোনো ডিভাইস, ল্যাপটপ কিংবা অন্য কোনো কিছুর যান্ত্রিক ত্রুটি ঠিক করে দেওয়া কি জায়েয হবে? এবং এর বিনিময়ে ব্যাংক থেকে যে পারিশ্রমিক দেওয়া হবে তা কি হালাল হবে?

-আফিফ আসজাদ

### উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وسلام على عباده الذين اصطفى، أما بعد:

ব্যাংকের কোনো ডিভাইস, ল্যাপটপ কিংবা অন্য কোনো কিছু ঠিক করে দেওয়া জায়েয নয়। কারণ, আপনি নিশ্চিত জানেন, এগুলো সুদি প্রতিষ্ঠানের নানাবিধ নাজায়েয কাজে ব্যবহার করা হবে। এভাবে জেনে

শুনে অন্যায় কাজে সহযোগিতা করা নাজায়েয। -ফাতাওয়া  
ওয়ালওয়ালিজিয়াহ: ৩/৩৮৭, ইলাউস সুনান: ১৭/৪৩৩  
অনুরূপ এগুলো ঠিক করে ব্যাংক থেকে এর পারিশ্রমিক গ্রহণ করাও  
জায়েয নয়। কারণ, ব্যাংকের আয়ের উৎস সুদ, যা হারাম। আর  
পারিশ্রমিক হিসেবেও এমন হারাম সম্পদ গ্রহণ নাজায়েয। -মাবসূত,  
সারাখসী: ২৪/৩২; তাকমিলা ফাতহুল মুলাহিম: ৭/৩৮৮; ইমদাদুল  
ফাতাওয়া: ৭/৩৮৪-৩৮৫

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



১৯-০২-১৪৪৫ হি.

০৫-০৯-২০২৩ ঈ.